**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, চিকিৎসা সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা বিশ্বের দরবারে নিজেকে প্রতিষ্ঠিত করেছে ।**

**(২) রাজ্যের বিভিন্ন অঞ্চল থেকে জল নামতে শুরু করেছে। ঘরে ফিরছেন দুর্গতরা।**

**(৩) তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বাল্যবিবাহ রোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন ।**

**(৪) উত্তর-পূর্বাঞ্চলে ভারী বৃষ্টিপাত ও বন্যার ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এবং সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাংয়ের সঙ্গে কথা বলেছেন ।**

**************************************

**CM-Patna :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ পাটনা ডেন্টাল কলেজ ও হাসপাতালে 'অভিনন্দন সমারোহ' অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে নিজের বক্তব্যে মুখ্যমন্ত্রী ত্রিপুরা সহ গোটা উত্তর পূর্বাঞ্চলের অগ্রগতির কথা তুলে ধরেন। তিনি বলেন, চিকিৎসা সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা বর্তমানে বিশ্বের দরবারে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। পাশাপাশি কেন্দ্রীয় সরকারের সাহায্যে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকার ত্রিপুরাকে স্বয়ংসম্পূর্ণ করতে প্রতিশ্রুতিবদ্ধ বলেও জানান তিনি। উপস্থিত অতিথিদের সঙ্গে বিভিন্ন অভিজ্ঞতা ভাগ করে নেন তিনি। এতে বিহারের স্বাস্থ্য ও আইন মন্ত্রী মঙ্গল পান্ডেও উপস্থিত ছিলেন। পরে সেই রাজ্যের স্বাস্থ্য ও

আইনমন্ত্রীর পাশাপাশি শিল্প ও বাণিজ্য মন্ত্রী নীতিশ মিশ্রা সঙ্গেও সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন মুখ্যমন্ত্রী ডাঃ সাহা।

****************************

**Biplab Kumar Deb Visited Relief Camp :**

রাজ্যের বিভিন্ন স্থানে অতিবৃষ্টির জন্য জমা জল নামতে শুরু করেছে। বিভিন্ন আশ্রয় শিবির থেকে মানুষজন বাড়ি ঘরে ফিরতে শুরু করেছেন। সাংসদ বিপ্লব কুমার দেব আজ আগরতলা পুর নিগমের বিভিন্ন জলমগ্ন এলাকা এবং বন্যার জলে ক্ষতিগ্রস্তদের জন্য খোলা ত্রাণ শিবিরগুলি পরিদর্শন করেন। প্রথমে তিনি প্রতাপগড় বিধানসভা এলাকার ঋষিদাস পাড়া ইংরেজী মাধ্যম বিদ্যালয়ের ত্রাণ শিবির পরিদর্শনে যান। সেখানে আশ্রয় নেওয়া মানুষের সাথে কথা বলে তাদের বিভিন্ন অভাব অভিযোগ শোনেন। শ্রী দেব আজ তাঁর ব্যক্তিগত উদ্যোগে প্রতিটি পরিবারের হাতে কয়েকদিনের জন্য বিভিন্ন খাদ্য সামগ্রীও তুলে দেন। বন্যা পরবর্তী পরিস্থিতিতে মানুষ যাতে দুর্ভোগের মধ্যে না পড়েন সেই লক্ষ্যে প্রশাসন যাবতীয় ব্যবস্থা গ্রহন করেছে বলেও তিনি জানিয়েছেন। তাঁর সঙ্গে ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ স্থানীয় কর্পোরেটররা। তারা পূর্ব প্রতাপগড়ের রামকৃষ্ণ সংঘ, আগরতলা হিন্দি স্কুল, দুর্গা চৌমুহনী বিপনী বিতানের ত্রাণ শিবির পরিদর্শন করেন। উল্লেখ্য রাজ্যের বিভিন্ন স্থানে ত্রাণ শিবিরগুলিতে রামকৃষ্ণ আশ্রম সহ বিভিন্ন সামাজিক ও স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যরা ত্রান সামগ্রী তুলে দিয়েছেন।

****************************

**Minister Sudhangshu Das :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বাল্যবিবাহ রোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। পাশাপাশি নেশামুক্ত সমাজ গঠনের লক্ষ্যে একজোট হবার উপর গুরুত্ব আরোপ করেন তিনি। আজ বিকালে ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে কৃতি ছাত্র-ছাত্রী সংবর্ধনা অনুষ্ঠানে তিনি ভাষন দিচ্ছিলেন। এতে চলতি বছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ চার শতাধিক শিক্ষার্থীকে সংবর্ধনা জানানো হয়। তাদের স্কুল ব্যাগ সহ স্মারক উপহার তুলে দেওয়া হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন কুমারঘাটের মহকুমা শাসক এন,এস, চাকমা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, ফটিকরায় আম্বেদকর কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা প্রমুখ।

*******************************************

**Viksito krishi sankalpa Abhijan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্ন অনুযায়ী কৃষিক্ষেত্রে ভারতবর্ষকে আধুনিক, সৃজনশীল এবং সুস্থায়ী ব্যবস্থাপনায় বিশ্বের শস্য ভান্ডার হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে কাজ চলছে। ভারত সরকারের বিভিন্ন সংস্থার সঙ্গে রাজ্যের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর প্রাক খারিফ মরসুমে ১৫ দিনব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযান পরিচালিত করছে। এর আওতায় আজ রাধাকিশোরপুর বিধানসভার পশ্চিম খিলপাড়া পঞ্চায়েত কমিউনিটি হলে এক কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি, সমাজকর্মী সহ কৃষি বিশেষজ্ঞরা। অতিথিরা কৃষি সম্পর্কে বিস্তারিত আলোচনা করে বিভিন্ন প্রকল্পের আওতায় কৃষকদের নিয়ে আসার উপর জোর দেন।

******************************

**NFR Silchar train Cancelled :**

আগামীকালের ১৫৬৬৪ নম্বর শিলচর-আগরতলা এক্সপ্রেস ট্রেন বাতিল করা হয়েছে। শিলচর ষ্টেশনে ট্রেন ধোয়ার পিটগুলিতে জল জমে থাকায় এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে।

*************************

**Spl. Animal Health Camp :**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ থেকে ঊনকোটি জেলার নানাস্থানে শুরু হয়েছে "বিশেষ প্রাণী স্বাস্থ্য শিবির"। উদ্ভুত পরিস্থিতিতে দপ্তরের এই

বিশেষ শিবিরে গো-পালকদের প্রাণীদের স্বাস্থ্য রক্ষায় বিভিন্ন পরামর্শ দেওয়া হচ্ছে। পাশাপাশি প্রতিষেধক টিকা, চিকিৎসা পরিষেবা সহ বিনামূল্যে ঔষধ বিতরণ চলছে। এদিকে ঊনকোটি জেলার দেও এবং মনু নদীর জলস্তর স্বাভাবিক হয়েছে। সরকারী ত্রাণ শিবির থেকে কুমারঘাটের আশ্রিতরা বাড়িঘরে ফিরছেন। অন্যদিকে কৈলাশহরে ৬৪৫ জন আশ্রয় শিবিরে এখনো রয়ে গেছেন। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা ডাঃ রাহুল ধর পুরকায়স্থ জানান, বন্যা পরবর্তী সময়ে শিবিরগুলোতে প্রাণীদের জন্য খনিজ লবনের মিশ্রণ দেওয়া হচ্ছে। প্রাণীদের বিভিন্ন সমস্যা ঔষধও বিনামূল্যে বিতরণ করা হচ্ছে বলে জানান তিনি।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-Flood :**

উত্তর-পূর্বাঞ্চলে ভারী বৃষ্টিপাত ও বন্যার ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এবং সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাংয়ের সঙ্গে কথা বলেছেন। শ্রী মোদী ক্ষতিগ্রস্ত

রাজ্যগুলিকে সমস্ত সাহায্য ও সহায়তার আশ্বাস দিয়েছেন। আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে বলেছেন যে প্রধানমন্ত্রী আসামের বর্তমান বন্যা পরিস্থিতি সম্পর্কে জিজ্ঞাসাবাদের জন্য তাকে ফোন করেছেন। শ্রী শর্মা আসাম এবং সংলগ্ন রাজ্যগুলিতে অব্যাহত বৃষ্টিপাতের ফলে বন্যা এবং ক্ষয়ক্ষতি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

এদিকে, সিকিমের ভূমিধ্বস ও বন্যা পরিস্থিতির বিষয়ে প্রধানমন্ত্রীর উদ্বেগ এবং সমর্থনের জন্য সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

**************************

**Vikshit Krishi Sankalp :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামীণ উন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ মহারাষ্ট্রের পুনের নারায়ণগাঁও কৃষি বিজ্ঞান কেন্দ্রে কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন। এর আগে, তিনি বিজ্ঞানীদের সঙ্গে নারায়ণগাঁও কৃষি উৎপাদন বাজার কমিটি এবং টমেটো বাজার, স্থানীয় কৃষিক্ষেত্র এবং একটি হিমাগার পরিদর্শন করেন, যেখানে তিনি টমেটো এবং অন্যান্য কৃষি পণ্য চাষকারী স্থানীয় কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন।

########Byte-PM########

শ্রী চৌহান নারায়ণগাঁওয়ে কৃষি বিজ্ঞান কেন্দ্রে কৃষি উদ্যোক্তাদের সংবর্ধনা জানান। অনুষ্ঠানে শ্রী চৌহান কৃষি বিভাগের বিজ্ঞানীদের মাঠে গিয়ে কৃষকদের সমস্যাগুলি বোঝার জন্য তাদের সঙ্গে যোগাযোগ করার আহ্বান জানান। বিকশিত কৃষি সংকল্প অভিযানের লক্ষ্যগুলি তুলে ধরে তিনি বলেন যে কৃষিক্ষেত্রের উন্নয়ন এবং কৃষকদের সমৃদ্ধি ছাড়া বিকশিত ভারত গড়ে তোলা সম্ভব নয়। তাই, কৃষিক্ষেত্রের উন্নয়ন করতে হবে। কীটনাশক ও সারের সঠিক ও সুষম ব্যবহার সম্পর্কে বলতে গিয়ে মন্ত্রী বলেন যে, নকল সার বা কীটনাশক তৈরি ও সরবরাহ রোধে সরকার একটি কঠোর আইন প্রণয়নের দিকেও এগিয়ে চলেছে।

****************************

**West District :**

রাজ্যে সফররত কেন্দ্রীয় প্রতিনিধি দল আজ পশ্চিম জেলার বিভিন্ন ব্লকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ ঘুরে দেখেন। পরে পশ্চিম জেলার জেলাশাসকের সঙ্গেও কথা বলেন তারা। জেলায় কেন্দ্রীয় প্রকল্পের অগ্রগতিতে তারা সন্তোষ ব্যক্ত করেন। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের তরফে অবর সচিব ও সেকশন অফিসারদের ১৪২তম লেভেল-ডি প্রশিক্ষণ কর্মসূচি চলছে। ২৬মে থেকে ৬ই জুন পর্যন্ত আয়োজিত এই লেভেল ডি প্রশিক্ষণ কর্মসূচিকে সফল করতে ২২ জন আধিকারিক দিল্লী থেকে এসেছেন। তারা কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আজ এই ২২ জন কেন্দ্রীয় প্রতিনিধির মধ্যে চারজন আধিকারিক পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডা: বিশাল কুমারের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। এতে এম এস এম ই মন্ত্রকের সেকশন অফিসার মুকেশ, কেন্দ্রীয় রেল মন্ত্রকের সেকশন অফিসার সঞ্জয় কুমার মিশ্রা, রেল মন্ত্রকের সেকশন অফিসার নিতেশ কুমার শ্রীবাস্তব আলোচনায় অংশ গ্রহণ করেন। এরমধ্যে মুখ্যমন্ত্রী মডেল ভিলেজ, জাতীয় স্বাস্থ্য মিশন, এম জি এন রেগা, পঞ্চায়েত উন্নয়ন সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের অগ্রগতি খতিয়ে দেখেন তারা। পাশাপাশি তারা সরেজমিনে পশ্চিম জেলার অন্তর্গত জিরানিয়া, হেজামারা, পুরাতন আগরতলা এবং মোহনপুর ব্লকে কেন্দ্রীয় প্রকল্প রূপায়নের কাজ পরিদর্শন করেন।

**************************

**Parliamentary delegation :**

অপারেশন সিন্দুরের অধীনে ভারতের অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে দেশের নীতিগত ও দৃঢ় অবস্থানের বার্তা নিয়ে একাধিক সর্বদলীয় প্রতিনিধিদল বিশ্বের বিভিন্ন দেশ সফর করছে। প্রতিনিধিদলগুলি তাদের আন্তর্জাতিক প্রচারণার অংশ হিসেবে বিদেশী নেতা, ঊর্ধ্বতন কর্মকর্তা, গণমাধ্যম এবং ভারতীয় প্রবাসীদের সঙ্গে যোগাযোগ করছে। বিজেপি সাংসদ বৈজয়ন্ত পান্ডার নেতৃত্বে প্রতিনিধিদলটি আলজেরিয়া, সৌদি আরব, কুয়েত এবং বাহরাইন সফল সফর শেষে আজ সকালে দেশে ফিরেছে। নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে

বৈজয়ন্ত পান্ডা এই সফরকে অত্যন্ত সফল বলে অভিহিত করেছেন। ডিএমকে সাংসদ কানিমোঝি করুণানিধির নেতৃত্বে প্রতিনিধিদলটি রাশিয়া, লাটভিয়া, স্লোভেনিয়া, গ্রীস এবং স্পেন সফর শেষ করে দেশে পৌঁছোবে। জেডি(ইউ) সাংসদ সঞ্জয় কুমারের নেতৃত্বে আরেকটি প্রতিনিধিদল আজ মালয়েশিয়ার পররাষ্ট্র ও আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক সংসদীয় বিশেষ কমিটির সঙ্গে একটি বৈঠক করে। প্রতিনিধিরা পরিষদের স্পিকারের সঙ্গেও দেখা করেছেন। কংগ্রেস সাংসদ শশী থারুরের নেতৃত্বে সর্বদলীয় প্রতিনিধিদল ব্রাজিলের বরিষ্ঠ নেতা ও কর্মকর্তাদের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক করেছে। প্রতিনিধিদলটি এখন তাদের সফরের শেষ পর্যায়ে মার্কিন যুক্তরাষ্ট্রে যাবে। এনসিপি-এসসিপি সাংসদ সুপ্রিয়া সুলের নেতৃত্বে আরেকটি বহুদলীয় প্রতিনিধিদল কায়রোতে মিশরের বিদেশ বিষয়ক কাউন্সিলের সঙ্গে দেখা করে।

লাইবেরিয়ায়, শিবসেনা সাংসদ শ্রীকান্ত শিন্ডের নেতৃত্বে প্রতিনিধিদল রাষ্ট্রপতি জোসেফ নিউমা বোকাই এবং লাইবেরিয়ার বিদেশমন্ত্রী সারাহ বেসোলো নিয়ান্তি-র সঙ্গে দেখা করেন। তারা প্রতিনিধি পরিষদের স্পিকার রিচার্ড নাগবে কুনের সঙ্গেও আলোচনা করেন।

******************************

**Covid-19 :**

দেশে নতুন করে কোভিড সংক্রমণের পরিপ্রেক্ষিতে রাজ্যেও সতর্কতামূলক প্রস্তুতি নেওয়া হচ্ছে। স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা: তপন মজুমদার আকাশবাণীকে জানান এ ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে সব রকমের ব্যবস্থা নেওয়া হচ্ছে। উনকোটি জেলার কৈলাশহরে একজন কোভিডে আক্রান্ত ব্যক্তি সম্প্রতি চিকিৎসার পর সুস্থ হয়ে বাড়িও ফিরেছেন। স্বাস্থ্য অধিকর্তা জানান, আগরতলার জিবি সহ রাজ্যের সব হাসপাতালে সঠিকভাবে অক্সিজেন সরবরাহ ও মজুত রাখার উদ্যোগ নেয়া হয়েছে। কোভিড আক্রান্ত রোগীদের পৃথকভাবে রাখার ব্যবস্থাও করা হয়েছে বলে জানান তিনি।

****************************

**Agriculture-Sonamura :**

কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের কারনে অল্প-বিস্তর ক্ষতিগ্রস্ত হয়েছেন সিপাহীজলা জেলার কৃষিপ্রধান সোনামুড়া মহকুমার সবজি ও ধান চাষীরা। এখনো কিছু কিছু ফসলের মাঠে জমে আছে জল। বৃষ্টি থামতেই ক্ষয়ক্ষতি নিরুপনে মাঠে নেমে পড়েছেন কৃষি দপ্তরের VLW থেকে শুরু করে সেক্টর অফিসাররা। বক্সনগর কৃষি মহকুমার কৃষি তত্বাবধায়ক সুব্রত দেবনাথ বলেছেন প্রাথমিক হিসেবে অনুযায়ী বক্সনগর কৃষি মহকুমার অধীন ১৮ হেক্টর ধান ও ৩১ হেক্টরের মতো সবজি ক্ষেত ক্ষতিগ্রস্ত হয়েছে।

******************************

**Abhijit :**

রাজ্যের প্রাক্তন দাবাড়ু অভিজিৎ চৌধুরী আজ শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর। তিনও কালিকাপুর স্কুলের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ছিলেন। তাঁর প্রয়ানে রাজ্য দাবা সংস্থা গভীর শোক প্রকাশ করেছে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বর্ষণ সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। গত ২৪ ঘন্টায় আগরতলায় বৃষ্টি হয়েছে ৬৯ দশমিক আট মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস।

****************************